ভোটের আনুপাতিক ভিত্তিতে গঠিত হতে হবে সংসদের উচ্চকক্ষ: নাহিদ ইসলাম



সংগৃহীত ছবি

সংসদের প্রস্তাবিত উচ্চকক্ষ গঠনে আসনের সংখ্যাভিত্তিক নয়, বরং ভোটের আনুপাতিক ভিত্তিতে প্রতিনিধিত্ব নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, এই বিষয়টিতে রাজনৈতিক ঐকমত্য না হলে 'জুলাই সনদ' স্বাক্ষর অনিশ্চিত হয়ে পড়বে।

সোমবার (২৮ জুলাই) সকালে জামালপুরের ডাক বাংলোয় অভ্যুত্থানের শহীদ ১১ জনের পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ করেন এনসিপির কেন্দ্রীয় নেতারা। সেখানে স্বজনদের খোঁজখবর নেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে কথা বলেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম।

নাহিদ বলেন, “জুলাই সনদে মৌলিক সংস্কারের রূপরেখা স্পষ্টভাবে থাকতে হবে। বিশেষ করে উচ্চকক্ষের গঠন যেন সরাসরি জনভোটে পাওয়া আনুপাতিক ভোটের ভিত্তিতে হয়, আসনের সংখ্যার ভিত্তিতে নয়। এ বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে স্পষ্ট ঐকমত্য না এলে সনদে স্বাক্ষরের কোনো অর্থ থাকে না।”

তিনি আরও জানান, এই বিষয়ে জাতীয় ঐকমত্য গড়ে ওঠার পরই 'জুলাই সনদে' স্বাক্ষরের বিষয়টি এনসিপি বিবেচনা করবে।

এদিন জামালপুরে এনসিপির কেন্দ্রীয় নেতারা জুলাই মাসব্যাপী চলমান 'জুলাই পদযাত্রা'র অংশ হিসেবে নানা কর্মসূচিতে অংশ নেন। তমালতলা এলাকা থেকে পদযাত্রা শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শেষ হয় ফৌজদারি মোড়ে। সেখানে এক পথসভায় বক্তব্য দেন কেন্দ্রীয় নেতারা। এরপর নেতারা ময়মনসিংহের উদ্দেশে যাত্রা করেন।